



Division of Licensing Services

নিউ ইয়র্ক স্টেট
ডিপার্টমেন্ট অফ স্টেট
ডিভিশন অব লাইসেন্সিং সার্ভিসেস
অ্যাপিয়ারেন্স এনহ্যান্সমেন্ট
পি.ও. বক্স 22049
অ্যালবানি, NY 12201-2049
কাস্টমার সার্ভিস: (518) 474-4429
<https://dos.ny.gov>

এপিয়ারেন্স এনহ্যান্সমেন্টের ব্যবসার মালিকদের জন্য স্ব-পর্যবেক্ষণ তালিকা

পর্যবেক্ষণের প্রক্রিয়া বোঝা

এই ফর্মটি ডিপার্টমেন্ট অফ স্টেট ("ডিপার্টমেন্ট") দ্বারা পর্যবেক্ষণ পদ্ধতি বুঝতে এবং আপনি প্রযোজ্য স্টেটের নিয়ম ও প্রবিধান মেনে চলছেন কিনা তা নিশ্চিত করতে আপনাকে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। এই নিয়মগুলি মেনে চলার মাধ্যমে, আপনি ক্ষতিকারক পরিস্থিতি থেকে জনসাধারণকে রক্ষা করতে পারেন এবং জরিমানা বা অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা প্রতিরোধ করতে পারেন। আপনি এবং আপনার কর্মীরা প্রকৃত পর্যবেক্ষণের জন্য প্রস্তুত কিনা তা নিশ্চিত করতে, ডিপার্টমেন্ট আপনাকে ঘন ঘন স্ব-পর্যবেক্ষণ করার পরামর্শ দেয়। অনুগ্রহ করে মনে রাখবেন যে সম্পূর্ণ না হলেও, এই তালিকাটি পরিদর্শনের সময় উদ্ভূত সবচেয়ে সাধারণ সমস্যাগুলির ওপরে আলোকপাত করার চেষ্টা করে।

প্রতিষ্ঠানের লাইসেন্স

- আপনার কি ডিপার্টমেন্ট অফ স্টেট দ্বারা জারি করা একটি এপিয়ারেন্স এনহ্যান্সমেন্ট ব্যবসার লাইসেন্স আছে? হ্যাঁ
- আপনার কি ডিপার্টমেন্ট অফ স্টেট দ্বারা জারি করা কোনো এপিয়ারেন্স এনহ্যান্সমেন্ট ব্যবসার লাইসেন্স আছে?
শুধুমাত্র বর্তমান লাইসেন্স দেখানো যেতে পারে। হ্যাঁ
- আপনার আসল লাইসেন্স কি বর্তমান ফটোগ্রাফ সহ দেখার জন্যে রয়েছে? হ্যাঁ
- ব্যবসার লাইসেন্স কি গ্রাহকদের দেখতে পাওয়ার সুবিধার্থে কোনো সর্বজনীন স্থানে রাখা হয়েছে? হ্যাঁ
- লাইসেন্সে দেওয়া মালিকের নাম ও ঠিকানা বর্তমান এবং সঠিক
যদি না, তাহলে আপনাকে ব্যবসার একটি নতুন লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। হ্যাঁ
- একটি দৃশ্যমান স্থানে রাখা কোনো বিজ্ঞপ্তিতে কি বলা হয়েছে যে ব্যবসা এবং পেশাগুলিকে নিয়ন্ত্রিত নিয়ম এবং প্রবিধানগুলি গ্রাহকদের অনুরোধের ভিত্তিতে দেখার জন্য উপলব্ধ এবং ব্যবসা ও অপারেটরগুলি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ স্টেট দ্বারা লাইসেন্সপ্রাপ্ত? হ্যাঁ
- আপনি যে পরিষেবাগুলি প্রদান করেন তার সুনির্দিষ্ট বিবরণ সহ একটি মূল্য তালিকা কি উপলব্ধ? হ্যাঁ
- আপনি যদি নেইল স্পেশালিটি পরিষেবা প্রদান করেন, আপনার কাছে কি ওয়ার্কস বিল অফ রাইট রয়েছে? হ্যাঁ
- আপনার কি বর্তমানে দায় বীমা আছে যা প্রতি একক ঘটনার জন্যে কমপক্ষে \$25,000 এবং সামগ্রিকভাবে \$75,000? হ্যাঁ
- আপনার কি মজুরির জন্যে কোন বন্ড আছে?
সব ব্যবসার জন্য এটি থাকা আবশ্যিক নয়।
আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট <http://www.dos.ny.gov/licensing/appearance/em-reg-app> এ যান হ্যাঁ
- আপনার সমস্ত কর্মচারীরা কি জানেন যে দায়বদ্ধতার প্রমাণ, মজুরির বন্ড এবং MSDS-এর কাগজপত্র কোথায় রাখা থাকে? হ্যাঁ

ব্যক্তিগত লাইসেন্স

- আপনার সমস্ত কর্মচারীদের কাছে কি লাইসেন্স/ট্রেইনিং লাইসেন্স রয়েছে? হ্যাঁ
- সেলুনের প্রতিটি কর্মচারীর লাইসেন্স কি বর্তমান (যার মেয়াদ শেষ হয়নি)?
শুধুমাত্র বর্তমান লাইসেন্স দেখানো যেতে পারে। হ্যাঁ
- আসল লাইসেন্সে কি বর্তমান ফটোগ্রাফ সহ দেখার জন্যে রাখা হয়েছে? হ্যাঁ
- প্রত্যেকটি লাইসেন্স কি গ্রাহকদের দেখতে পাওয়ার সুবিধার্থে কোনো সর্বজনীন স্থানে রাখা হয়েছে? হ্যাঁ
- প্রতিটি কর্মচারীর দ্বারা প্রদান করা পরিষেবাগুলি কি তাদের লাইসেন্সের অধীনে অনুমোদিত?
কর্মচারীদের শুধুমাত্র তাদের লাইসেন্সের ধরন অনুযায়ী পরিষেবা প্রদান করার অনুমতি দেওয়া হয়। হ্যাঁ

পৃষ্ঠার অন্য পিঠে আরো রয়েছে

এপিয়ারেঙ্গ এনহ্যান্সমেন্টের ব্যবসার মালিকদের জন্য স্ব-পর্যবেক্ষণ তালিকা

স্বাস্থ্যব্যবস্থা/ স্বাস্থ্য ও সুরক্ষা

- আপনার কর্মস্থলে ব্যবহৃত সমস্ত পণ্য এবং রাসায়নিকের কি MSDS-এর কাগজপত্র রাখা হয়? হ্যাঁ
- আপনার কাছে কি পর্যাপ্ত জীবাণুনাশক উপলব্ধ আছে এবং আপনার কাছে কি তা প্রমাণ করার রসিদ আছে? হ্যাঁ
- সমস্ত পণ্য কি মূল প্রস্তুতকারকের আসল লেবেল সহ রাখা হয়? হ্যাঁ
- প্রজ্বলনীয় এবং দাহ্য পদার্থগুলি কি ধাতব ক্যাবিনেটে আঙুনের সম্ভাব্য উৎস থেকে দূরে রাখা হয়? হ্যাঁ
- প্রত্যেক গ্রাহককে কি পরিষ্কার, সদ্য লব্ধি করা লিনেন বা ডিসপোজেবল তোয়ালে দেওয়া হয়? হ্যাঁ
- ব্যবহারের পরে, সমস্ত জিনিস যা সঠিকভাবে পরিষ্কার করা যায় না তা বর্জ্য পাত্রে ফেলে দেওয়া হয়? হ্যাঁ
- তাক, আসবাবপত্র এবং সরঞ্জামগুলি কি পরিষ্কার, ধুলো, ময়লা এবং চুল মুক্ত এবং ভাল কাজের অবস্থায় রাখা হয়েছে? হ্যাঁ
- গ্রাহকদের প্রতিটি পরিষেবার মধ্যে, সমস্ত স্টাইলিং স্টেশন, কাজের স্টেশন এবং ম্যানিকিউর টেবিলগুলি কি জীবাণুমুক্ত এবং পরিষ্কার করা হয়? হ্যাঁ
- দূরবর্তী অবস্থান থেকে আনা এবং ফিরিয়ে নিয়ে যাওয়া সমস্ত জিনিসপত্র কি আচ্ছাদিত পাত্রে থাকে? হ্যাঁ
- পরিষ্কার সরঞ্জাম এবং সরবরাহগুলি (যেমন তোয়ালে) এমন পাত্রে আসে যেগুলি তাদের অবস্থার সাথে ট্যাগ করা হয় এবং ব্যবহৃত সরঞ্জাম এবং সরবরাহ থেকে আলাদা রাখা হয়? হ্যাঁ
- সমস্ত শৌচাগারে কি হাত ধোয়ার সুবিধা রয়েছে? হ্যাঁ
- প্রতিষ্ঠানে কি গরম ও ঠান্ডা প্রবাহিত জল পাওয়া যায়? হ্যাঁ
- কোন পাবলিক টয়লেট রুম পাওয়া যায়? হ্যাঁ
- পরিষ্কার লিনেন এবং তোয়ালে রাখার জন্য ক্যাবিনেট আছে? হ্যাঁ
- নখের যত্নে প্রয়োজনীয় সমস্ত রাসায়নিক পদার্থগুলি কি বন্ধ করা বোতলে রাখা হয়? হ্যাঁ
- আপনি যদি নেইল স্পেশালিটি পরিষেবা প্রদান করেন, তাহলে প্রতিটি ওয়ার্ক স্টেশনের জন্য পর্যাপ্ত গ্লাভস আছে? হ্যাঁ
- আপনি যদি নেইল স্পেশালিটি পরিষেবা প্রদান করেন, তাহলে প্রতিটি ওয়ার্ক স্টেশনের জন্য কি পর্যাপ্ত শ্বাসযন্ত্র আছে? হ্যাঁ
- আপনি যদি নেইল স্পেশালিটি পরিষেবা প্রদান করেন, তাহলে সম্ভাব্য বিপজ্জনক রাসায়নিক প্রস্তুত, পরিবহন বা ঢালা হলে আপনার কর্মীদের কি যথেষ্ট চোখের সুরক্ষা থাকে? হ্যাঁ
- বর্জ্যের নিষ্পত্তি কি কোনো আচ্ছাদিত বর্জ্য পাত্রে করা হয়? হ্যাঁ